# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
# BANGLADESH WATER DEVELOPMENT BOARD

শৃংখলা পরিদপ্তর
পানি ভবন (লেভেল-৭)
৭২, গ্রীণরোড, ঢাকা-১২০৫
ফোন ঃ ০২২২২২৩০০৭৬
dir.discipline.bwdb@gmail.com
ওয়েব সাইট: www.bwdb.gov.bd

Directorate of Discipline
Pani Bhaban (Level-7)
72, Green Road, Dhaka-1205
Phone : 02222230076
dir.discipline.bwdb@gmail.com
Website: www.bwdb.gov.bd


স্মারক নং-৪২.০১.০০০০.০২৩.২৭.৬১২.২১-৩৭

তারিখঃ ১৯/০১/১৪৩০ বঙ্গাঃ
০২/০৫/২০২৩ খ্রিঃ

## "দ প্ত রা দে শ"

অতিরিক্ত মহাপরিচালক, পশ্চিম রিজিয়ন, বাপাউবো, ঢাকা এর অদাঃ নং-১৩০১ তারিখঃ ২৮/০৯/২০২১ খ্রিঃ এর মাধ্যমে "জনাব মোঃ খাইরুল ইসলাম (আইডি নং-৮৭১০৩০০১), উপ-সহকারী প্রকৌশলী/শাখা কর্মকর্তা, রংপুর পওর শাখা-২, বাপাউবো, রংপুর এর বিরুদ্ধে দাপ্তরিক কাজে অমনোযোগীতা/উদাসীনতা, দায়িত্বে অবহেলা এবং অসদাচরণ প্রসঙ্গে" প্রেরিত অভিযোগ পত্রে বর্ণিত গত ২৪/০৮/২০২১ খ্রিঃ তারিখ হতে বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিতির বিষয়সহ উক্ত কর্মকর্তার বিরুদ্ধে আনীত আনুসঙ্গিক অভিযোগ সমূহের সত্যতা যাচাই করতঃ মতামতসহ একটি স্বয়ংসম্পূর্ণ তদন্ত প্রতিবেদন দাখিলের জন্য তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্ত কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদনে তিনি প্রাথমিকভাবে দোষী সাব্যস্ত হওয়ায় কর্তৃপক্ষের সিদ্ধান্ত অনুযায়ী বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা ২০১৩ এর প্রবিধান ৫১ মোতাবেক অত্র দপ্তরের স্মারক নং-৪২.০১.০০০০.০২৩.২৭.৬১২.২১-২৩, তারিখঃ ০২/০২/২০২২ খ্রিঃ এর মাধ্যমে কার্যধারা সূচনা পূর্বক অভিযোগনামা তার দাপ্তরিক ঠিকানায় রেজিঃ ডাকযোগে প্রাপ্তিস্বীকারসহ প্রেরণ করা হলে উক্ত পত্রটি ১৬/০২/২০২২ তারিখে ডাকবিভাগের মন্তব্যসহ (উক্ত অফিসে এই নামে কোন প্রাপক খোজিয়া পাওয়া যায়নি তাই পত্রখানা ফেরৎ) অত্র দপ্তরে ফেরত আসে। একই প্রবিধানমালার প্রবিধান ৫১ এর উপপ্রবিধান (১) (ক) অনুযায়ী অভিযোগনামার জবাব দাখিল না করার বিষয়টি তদন্তে অন্তর্ভূক্ত করতঃ বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা ২০১৩ এর প্রবিধান ৫১ (১) (খ) মোতাবেক অভিযুক্ত কর্মচারীর বিরুদ্ধে অভিযোগনামায় উল্লেখিত অভিযোগসমূহ তদন্ত করার জন্য অত্র দপ্তরের স্মারক নং-৪২.০১.০০০০.০২৩.২৭.৬১২.২১-৩৭, তারিখঃ ০৩/০৩/২০২২ খ্রিঃ এর মাধ্যমে ১ (এক) জন তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়।

২। তদন্ত কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদনে প্রদত্ত মতামত ও আনুষাঙ্গিক রেকর্ডপত্র পর্যালোচনান্তে জনাব মোঃ খাইরুল ইসলাম (আইডি নং-৮৭১০৩০০১), উপ-সহকারী প্রকৌশলী(পুর)/প্রাক্কলনিক, পঞ্চগড় পওর বিভাগ, বাপাউবো, পঞ্চগড় (সাবেক উপসহকারী প্রকৌশলী(পুর)/শাখা কর্মকর্তা, রংপুর পওর শাখা-২, বাপাউবো, রংপুর) এর বিরুদ্ধে অভিযোগনামায় আনীত অভিযোগ তদন্তে প্রমাণিত হওয়ায় (ক) বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকরি প্রবিধানমালা ২০১৩ এর প্রবিধান ৪৯(১)(ক) (উ) মোতাবেক তার উপর সংশ্লিষ্ট বেতন স্কেলের ১ (এক) ধাপ নিম্নে অবনমিতকরণ (drop off to a lower stage in the concrn pay scale) দণ্ড আরোপ; এবং (খ) তার অননুমোদিত অনুপস্থিতির তারিখ ২৪-০৮-২০২১ খ্রিঃ তারিখ হতে ২৪-১০-২০২১ খ্রিঃ পর্যন্ত বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকরি প্রবিধানমালা ২০১৩ এর প্রবিধান ২৫(৩) মোতাবেক বিনা বেতনে অসাধারণ ছুটি মঞ্জুর করার বিষয়ে কর্তৃপক্ষ কর্তৃক সিদ্ধান্ত গৃহীত হয়।

৩। এমতাবস্থায়, উক্ত সিদ্ধান্ত মোতাবেক এতদ্বারা জনাব মোঃ খাইরুল ইসলাম (আইডি নং-৮৭১০৩০০১), উপ-সহকারী প্রকৌশলী (পুর)/প্রাক্কলনিক, পঞ্চগড় পওর বিভাগ, বাপাউবো, পঞ্চগড় (সাবেক উপসহকারী প্রকৌশলী (পুর)/শাখা কর্মকর্তা, রংপুর পওর শাখা-২, বাপাউবো, রংপুর) এর বিরুদ্ধে অভিযোগনামায় আনীত অভিযোগ প্রমাণিত হওয়ায় (ক) বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকরি প্রবিধানমালা ২০১৩ এর প্রবিধান ৪৯(১)(ক) (উ) মোতাবেক তার উপর সংশ্লিষ্ট বেতন স্কেলের ১ (এক) ধাপ নিম্নে অবনমিতকরণ (drop off to a lower stage in the concrn pay scale) দণ্ড আরোপ; এবং (খ) তার অননুমোদিত অনুপস্থিতির তারিখ ২৪-০৮-২০২১ খ্রিঃ তারিখ হতে ২৪-১০-২০২১ খ্রিঃ পর্যন্ত বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকরি প্রবিধানমালা ২০১৩ এর প্রবিধান ২৫(৩) মোতাবেক বিনা বেতনে অসাধারণ ছুটি মঞ্জুর করা হলো।

৪। এতে মহাপরিচালক, বাপাউবো মহোদয়ের অনুমোদন রয়েছে।

02/05/2023

(মোঃ নোমান ফরিদ)
পরিচালক
পরিচিতি নম্বর-৬৬০৮০৫০০২
টেলিফোন নং-৮৮০২২২২২৩০০৭৬

অঃপৃঃদ্রঃ

স্মারক নং-৪২.০১.০০০০.০২৩.২৭.৬১২.২১-৩৭(১৩)

তারিখঃ ১৯/০১/১৪৩০ বঙ্গাঃ
০২/০৫/২০২৩ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

১. প্রধান প্রকৌশলী, উত্তরাঞ্চল, বাপাউবো, রংপুর।
২. তত্ত্বাবধায়ক প্রকৌশলী, রংপুর পওর সার্কেল-১, বাপাউবো, রংপুর।
৩. তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ঠাকুরগাঁও পওর সার্কেল, বাপাউবো, ঠাকুরগাঁও।
৪. পরিচালক, কর্মচারী পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।
৫. পরিচালক, হিসাবরক্ষণ পরিদপ্তর, বাপাউবো, ঢাকা। দপ্তরাদেশে উল্লেখিত দণ্ড কার্যকর করতঃ অত্র দপ্তরকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।
৬. সিএসও টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।
৭. সিনিয়র সিস্টেম এনালিস্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা। দপ্তরাদেশটি বোর্ডের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
৮. নির্বাহী প্রকৌশলী, রংপুর পওর বিভাগ, বাপাউবো, রংপুর।
৯. নির্বাহী প্রকৌশলী, পঞ্চগড় পওর বিভাগ, বাপাউবো, পঞ্চগড়।
১০. হিসাবরক্ষণ অফিসার, আঞ্চলিক হিসাব কেন্দ্র, বাপাউবো, ঠাকুরগাঁও।
১১. ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন/পশ্চিম রিজিয়ন), বাপাউবো, ঢাকা।
১২. জনাব মোঃ খাইরুল ইসলাম (আইডি নং-৮৭১০৩০০১), উপ-সহকারী প্রকৌশলী (পুর)/প্রাক্কলনিক, পঞ্চগড় পওর বিভাগ, বাপাউবো, পঞ্চগড় (সাবেক উপসহকারী প্রকৌশলী (পুর)/শাখা কর্মকর্তা, রংপুর পওর শাখা-২, বাপাউবো, রংপুর)।

০২/০৫/২০২৩
(মোঃ শামীম হোসেন)
উপ-পরিচালক (চঃদাঃ)
পরিচিতি নং-৬৯১২১১০০১

ডায়েরী নং ৪৫৩ ❖ তারিখঃ ২০/৫/২৩
❖ জরুরী
❖ প্রয়োজনীয় ব্যবস্থা নিন
❖ নথিতে পেশ করুন
❖ নথিতে রাখুন
❖ জবাব দিন